দৈনিক ইত্তেফাক

তারিখ 13 NOV 1993
পৃষ্ঠা ৭ কলাম ৮

১৭

## সরকারী কলেজ অধ্যাপক সমিতি ও প্রভাষক সমিতির কর্মবিরতি স্থগিত

গত ৯ই নভেম্বর বাংলাদেশ সরকারী কলেজ অধ্যাপক সমিতি ও প্রভাষক সমিতির সম্মেলনে শিক্ষামন্ত্রী ও সংস্থাপন প্রতিমন্ত্রীর আশ্বাসের প্রেক্ষিতে অধ্যাপক

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## সরকারী কলেজ অধ্যাপক

(১ম পৃঃ পর)

সমিতি ও প্রভাষক সমিতি ১৪ই নভেম্বর হইতে তাহাদের পূর্বঘোষিত কর্মবিরতির কর্মসূচী স্থগিত করিয়াছে। গতকাল (শুক্রবার) অধ্যাপক সমিতি ও প্রভাষক সমিতির সভাপতি কামাল আতাউর রহমান স্বাক্ষরিত এক বিবৃতিতে নূতন পদ সৃষ্টি, পদোন্নতি ও বেতন বৈষম্য দূরীকরণে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করা হয়। বিবৃতিতে ওয়ারেন্ট অব প্রিসিডেন্সে শিক্ষকদের অন্তর্ভুক্তি, গ্রন্থাগারিকদের উচ্চতর পদ সৃষ্টিসহ বিভিন্ন দাবী একমাসের মধ্যে পূরণের আহ্বান জানান হয়।